



Advocates for Children of New York

Protecting every child's right to learn

বিশেষায়িত শিক্ষা রিকভারী সেবাসমূহ

শারীরিকভাবে অক্ষম বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীদের কোভিড-সময়ে স্কুলে কঠিন সময় পার করতে হয়েছে এবং তাদেরকে ট্র্যাক-এ ফিরিয়ে আনার জন্য বিশেষ সহযোগিতা ও সেবা প্রদান করা জরুরি। NYC DOE স্বতন্ত্র বিশেষায়িত শিক্ষা পুনরুদ্ধার সেবা (“SERS”) প্রদান করছে সেসব ছাত্র-ছাত্রীর জন্য যাদের NYC DOE স্কুলসমূহে ক্লাশ করবার আই,ই,পি রয়েছে।

কী ধরনের সেবাসমূহ পাওয়া যাবে ?

স্কুলভেদে সেবাগুলোও ভিন্ন ভিন্ন হয়। সাধারণত, এগুলোর মধ্যে রয়েছে স্পেশাল এডুকেশন টীচার সাপোর্ট সার্ভিসমূহ (“SETSS”) অথবা ছোট ছোট গ্রুপভিত্তিক নির্দেশনা এবং সংশ্লিষ্ট সেবাসমূহ, যেমন শারীরিক, পেশাগত এবং স্পীচ থেরাপি। SERS চ থেকে ১০-সপ্তাহের চক্রে চলে এবং এটি শুরু হয় শরৎকালের শেষে। স্কুলগুলো ছাত্র-ছাত্রীদেরকে একাধিক চক্র প্রদান করতে পারে যদি স্কুল বিশ্বাস করে যে ছাত্র-ছাত্রীর অধিকতর সেবা প্রয়োজন রয়েছে।

DOE স্কুলগুলোকে বলেছে যে, অধিকাংশ ছাত্র-ছাত্রীর প্রথম চক্রের দৈর্ঘ্য SETSS-এর ১০-২০ ঘন্টা এবং তাদের প্রয়োজনের স্তর অনুযায়ী প্রতিটি সংশ্লিষ্ট সেবার জন্য ৫-১০ ঘন্টা হওয়া প্রয়োজন।

আপনার শিশুর স্কুল এই শরতে অথবা শীতের শুরুতে আপনার সাথে যোগাযোগ করেছে আপনার শিশুর কী প্রয়োজন এবং শনিবারগুলোতে তারা স্কুল-পরবর্তী সময়ে অথবা, কোন কোন ক্ষেত্রে, স্কুল-দিবস শুরু হবার আগে কী কী সেবা দিতে পারে সে বিষয়ে কথা বলবার জন্য। যদি আপনি আপনার শিশুর স্কুল থেকে কোন খবর না পান, আপনি সেখানে যান এবং আপনার শিশুর কী প্রয়োজন সে বিষয়ে কথা বলার জন্য আপনার আগ্রহ জানান। যদি স্কুলের সময়সূচি আপনার পরিবারের জন্য কাজ না করে, এই ঠিকানায় sers@schools.nyc.gov ইমেইল করুন এবং SERS প্রাপ্তির অন্য কোন উপায় সম্বন্ধে জানতে চান।

সেবাসমূহ কখন প্রদান করা হয় ?

SERS-এর জন্য প্রতিটি স্কুল তাদের সময় নির্ধারণ করে থাকে। এগুলো প্রদান করা হতে পারেঃ

- স্কুল সময়ের পূর্বে
- স্কুল সময়ের পরে
- শনিবারগুলোতে
- পরোক্ষভাবে

যদি স্কুলের দেয়া সময় আপনার জন্য উপযুক্ত না হয়, তাদেরকে তা জানান। আপনি ভিন্নকিছু নির্ধারণ করতে পারেন, কিংবা স্কুল আপনাকে P3 নামে পরিচিত কিছু ভাউচার দিতে পারে টিউটরিং-এর জন্য এবং বাইরের সেবা প্রদানকারীর সেবা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সেবাসমূহের অনুমোদন (RSAs) প্রদান করতে পারে, তবে তেমন সেবাদানকারীকে আপনাকেই খুঁজে নিতে হবে। স্কুল যদি আপনাকে বিকল্প কিছু না দেয় যেটি আপনার ও আপনার শিক্ষার্থীর জন্য উপযুক্ত, আপনার উচিত এই sers@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করা।

বাস সেবা বিষয়ে কী হবে ?

যদি আপনার শিশুর আই,ই,পি-তে বাস সেবার কথা উল্লেখ থাকে, তবে DOE –র উচিত বিশেষায়িত শিক্ষা রিকভারি সেবাসমূহের আওতায় বাস সেবা প্রদান করা,। যাইহোক, DOE আজ পর্যন্ত সেটি করে নি, এবং এর পরিবর্তে মেট্রোকার্ড এবং অন্যান্য ধরনের যাতায়ায় ব্যবস্থায় প্রতিব্যবস্থা করে থাকে, কিন্তু আপনাকে অথবা অন্যকোন সেবাদানকারীকে আপনার শিশুর সাথে যেতে হবে। DOE বলেছে যে, স্কুল-সময়ে যেসব শিশু SERS পাচ্ছে তাদেরকে বাস সেবা প্রদানের ব্যবস্থা করতে তারা কাজ করছে। যদি আপনার শিশুর SERS-এ অংশগ্রহণ করতে বাস সেবার প্রয়োজন হয়, আপনার উচিত স্কুলকে তা লিখিতভাবে জানানো।

কী হবে যদি আপনার সন্তানকে যা অফার করা হয়েছে তাতে আপনি সম্মত না হন ?

যদি স্কুল যা অফার করছে তাতে আপনি একমত না হন, অথবা যে সময় অফার করছে তা আপনার শিশুর জন্য কাজ না করে, তবে তা স্কুল-স্টাফদের লিখিতভাবে জানান। পরিষ্কার করে লিখুন আপনি কী চাচ্ছেন। আপনার শিশুর কী প্রয়োজন তা ব্যাখ্যা করার জন্য আপনি একটি আই,ই,পি মিটিং-এর জন্যও বলতে পারেন।

আপনি এই sers@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে অথবা 311 নাম্বারে কল করে দূরশিক্ষণ-এর ঘাটতি পূরণে অতিরিক্ত সেবার কথা বলতে পারেন। সবশেষে, আপনি ক্ষতিপূরণ সেবা প্রদানের কথা বলতে পারেন। ক্ষতিপূরণ সেবা হলো DOE -র উপযুক্ত শিক্ষা কার্যক্রম বা সেবা প্রদানে ব্যর্থতার ক্ষতি পূরণ করা এবং এতে অন্তর্ভুক্ত থাকতে পারে এই ক্ষতিপূরণে যাকিছু আপনার শিশুর প্রয়োজন হতে পারে তার সবকিছু। আপনি তারপরেও ক্ষতিপূরণ দাবী করতে পারেন, এমনকি আপনি যদি SERS সেবাসমূহ গ্রহণ করেও থাকেন। আপনার উচিত প্রথমেই স্কুলের কাছে ক্ষতিপূরণ সেবাসমূহ প্রদানের কথা বলা, কিন্তু যদি তারা রাজী না হয় তাহলে সেগুলো পেতে আপনাকে একটি নিরপেক্ষ শুনানীর জন্য আবেদন করতে হতে পারে।

Advocates for Children of New York, Inc.
151 West 30th Street, 5th Floor, New York, NY 10001
Jill Chaifetz Education Helpline:
1-866-427-6033 (toll free), Monday—Thursday, 10am—4pm
www.advocatesforchildren.org

এই তথ্যপ্রদায়ী সীটটি কোন আইনী পরামর্শ নয়। এই গাইডটি AFC-র কোন মতামত উল্লেখ না করেই শুধুমাত্র বিদ্যমান নিয়ম-নীতির সারসংক্ষেপ দেয়ার চেষ্টা করেছে মাত্র। আপনার যদি আইনগত কোন সমস্যা থাকে, দয়া করে একজন এটর্নী বা এডভোকেট-এর সাথে যোগাযোগ করুন।

Copyright © March 2022 by Advocates for Children of New York, Inc.